www.wbcsmadeeasy.in

2018

CS-(O)B-II/18

BENGALI-Paper-II

*Time Allowed-3 Hours* *Full Marks-200*

*If the questions attempted are in excess of the Prescribed number, only the questions attempted first upto the prescribed number shall be valued and the remaining ones ignored.*

(উত্তর সাধু বা চলিত যে কোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়)

## ক - বিভাগ

(যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন) ৪০x৩

১) বৈষ্ণব পদাবলী-তে ' অভিসার ' কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? উপযুক্ত উদাহরণসহ তিনজন পদকর্তা-রচিত অভিসার পর্যায়ের একাধিক পদ বিষয়ে আলোচনা করুন ।

২) 'মেঘনাদবধ' কাব্যে,প্রমীলা চরিত্রাঙ্কনে মধুসূদন দত্ত যে দক্ষতার পরিচয় দিয়েছেন,সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন ।

৩) 'রজনী' উপন্যাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় যে উপন্যাসের চরিত্রগুলিকেই বক্তার আসনে বসিয়েছেন,এই বিশেষ কৌশলটি উপন্যাসটির শিল্পগত স্বার্থকতার পক্ষে কতদূর ফলপ্রসূ হয়েছে তা ব্যাখ্যা করুন।

৪) 'বঙ্গদেশের কৃষক ' প্রবন্ধে পরাণ মন্ডল নামের এক কৃষককে অবলম্বন ক'রে বঙ্কিমচন্দ্র বাংলাদেশের কৃষকদের দূর্ভাগ্যের যে বর্ণনা করেছেন , তা ব্যক্ত করুন ।

৫) 'পুনশ্চ' কাব্যে রবীন্দ্রনাথ ঠাকুর গদ্যছন্দে যে আখ্যানমূলক কবিতাগুলি রচনা করেছেন , তারমধ্যে তিনটি কবিতা বিশ্লেষণ ক'রে দেখান, যে,উক্ত কবিতাগুলির ক্ষেত্রে বিষয় এবং ছন্দের সামঞ্জস্য সাধিত হয়েছে কি না।

## খ-বিভাগ

( যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ) ৪০X২

১) 'গৃহদাহ' উপন্যাসে মহিম এবং সুরেশের প্রতি অচলার যে দোলাচল চিত্তবৃত্তির পরিচয় শরৎচন্দ্র দিয়েছেন,সেই বিষয়টি ব্যাখ্যা করুন এবং উপন্যাসটির পরিনতি নির্ধারনের পক্ষে উক্ত দোলাচলতার ভূমিকা নির্দেশ করুন ।

২) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটিকে সম্পূর্ণভাবে 'অ্যাবসার্ড নাটক' আখ্যা দেওয়া যায় কিনা, সে বিষয়ে যুক্তিসিদ্ধ আলোচনা করুন ।

৩) 'আবার আসিব ফিরে' কবিতায় কবি বাংলাদেশের প্রকৃতির যে বিশিষ্টরূপ ফুটিয়ে তুলেছেন,তা নিজের ভাষায় ব্যক্ত করুন ।

-------------------

"For guidance of WBCS Prelims , Main Exam and Interview by WBCS Gr A Officers/Toppers, WBCS Prelims and Main Mock Test (Classroom & Online), Optional Subjects, Study materials, Correspondence Course etc. Call WBCSMadeEasy™ at 9674493673 or mail us at mailus@wbcsmadeeasy.in"